তারিখ: সেপ্টেম্বর ২০০৯

for better homes, the better choice is

Spitalfields Housing Association Ltd

স্পিটালফিল্ডস্ হাউজিং এসোসিয়েশন লিঃ

৭৮ কোয়েকার স্ট্রীট, লন্ডন ই১ ৬এস, ডবলিউ ,
ফোন ঃ ০২০৭ ৩৯২ ৫৪০০, ফ্যাক্স ঃ ০২০৭ ৩৯২ ৫৪০১

বিশেষ আকর্ষনসমূহ:

- সংযুক্তঃ সামার ট্রিপ-২০০৯ জরিপ
- কনফারেন্স রেজিষ্ট্রেশন (নিবন্ধন) ফরম

"আমি বন্ধুসুলভ উপকারী পরামর্শদাতাদের পছন্দ করেছি এবং সত্যি বলতে প্রকৃত পক্ষে তাঁরা সময় নিয়েছেন, কথা বলেছেন, কথা শুনেছেন এবং তথ্যাবলী দিয়েছেন।"

নিরাপদ থাকুনঃ আমাদের নিম্নের অগ্নি সতর্কতামূলক ব্যবস্থা সমূহ অনুসরন করুন

সামার এর প্রথম দিকে সাউথওয়ার্ক কাউন্সিল এর ব্লকে একটা গুরুতর অগ্নি কান্ড ঘটেছিল যাতে ৬টি প্রানহানি ঘটেছিল। এ ঘটনাটি সংবাদপত্রে ব্যাপকভাবে প্রতিবেদিত হয়েছিল। এটা আমাদের অনেক বাসিন্দাদের মনে বেশ উদ্বেগের সৃষ্টি করেছে।

এখানে অনেকগুলো নিরাপত্তা উপদেশাবলী দেয়া হয়েছে যেগুলো আপনাকে আগুন থেকে নিরাপদ থাকতে সাহায্য করবে এবং যে কোন অগ্নিকান্ডের সময় আপনাকে ও আপনার সাথে বসবাসরতদের দ্রুত ও নিরাপদে বের হয়ে আসতে সাহায্য করবে।

আপনার বাড়ীর প্রতি তলায় স্মোক এ্যালার্ম সংযুক্ত করুন।

প্রতি সপ্তাহে আপনার স্মোক এ্যালার্ম এর ব্যাটারী সমূহ পরীক্ষা করুন এবং প্রতি বছর সেগুলো পরিবর্তন করুন। কখনোই সেগুলো অপসারন করবেন না।

রান্নাচলাকালীন সময়ে রান্না ঘরে শিশুদের একাকী রেখে কোথাও যাওয়া পরিহার করুন- দেয়াশলাই ও সস্প্যান এর হাতল তাদের নাগালের বাহিরে রাখুন।

গরম তেলের মাধ্যমে রান্নার সময় বিশেষ সাবধানতা অবলম্বন করুন- এতে সহজেই আগুন ধরতে পারে।

বৈদ্যুতিক সকেটসমূহ ওভারলোড করবেন না। প্রতিটি সকেটে একটি করে প্লাগ রাখার চেষ্টা করবেন।

সিগারেট এর গোড়া যথাযথভাবে নিভিয়ে নিন এবং সাবধানতার সাথে সেগুলো পরিত্যাগ করুন।

মোমবাতির ব্যাপারে বিশেষ সাবধানতা অবলম্বন করুন এবং সেগুলো যাতে একটা যথাযথ মোমদানীতে সুরক্ষিত থাকে তা নিশ্চিত করুন।

অগ্নিকান্ডের সময় বের হয়ে যাওয়ার জন্য একটা পরিকল্পনা প্রস্তুত করুন এবং সে অনুযায়ী সর্বদা প্রস্তুত থাকুন।

আপনি নিজে কোন অগ্নিকান্ড মোকাবেলা করার চেষ্টা করবেন না। বাহিরে বের হয়ে আসুন, বাহিরে অবস্থান করুন এবং ৯৯৯ নম্বরে কল করুন।

ঘুমাতে যাবার পূর্বে একবার সব চেক করুন।

"বেডটাইম চেক" বলতে কি বুঝায়?

বাড়ীতে যে ব্যক্তি সর্বশেষে বিছানায় যাবেন তিনি সব সময় এ রুটিনটি অনুসরন করবেন ঃ-

- অগ্নিকান্ড ছড়ানো প্রতিহত করার নিমিত্তে রাতের বেলা ভিতরের দরজাসমূহ বন্ধ রাখুন।
- বৈদ্যুতিক যন্ত্রপাতিসমূহের সুইচ অফ্ করুন এবং প্লাগসমূহ খুলে রাখুন যদি না সেগুলো সব সময় অন্ অবস্থায় রাখার উপযোগী করে ডিজাইন করা হয়ে থাকে- যেমন আপনার ফ্রিজার।
- আপনার কুকার অফ্ করা হয়েছে কিনা তা পরীক্ষা করে দেখুন।
- ওয়াশিং মেশিন অন্ করে রাখবেন না।
- হিটারসমূহ অফ্ করে রাখুন এবং আগুন ধরা থেকে রক্ষার নিমিত্তে ফায়ার গার্ডস্ সমূহ প্রয়োগ করুন।
- মোমবাতি ও সিগারেটসমূহ সঠিকভাবে নিভিয়ে দিন।
- বের হবার পথসমূহ যাতে পরিস্কার থাকে তা নিশ্চিত করুন।
- দরজা ও জানালার চাবিসমূহ এমন স্থানে রাখুন যেখান থেকে অন্যরা খুঁজে পেতে পারে।

গৃহ সন্ধানীদের কর্মসূচী

যে সকল বাসিন্দাগন বিগত ১২ই সেপ্টেম্বর রবিবার এল.বি.টি.এইচ. কর্তৃক আয়োজিত ও ইষ্ট এন্ড হোমস্ এর ব্যবস্থাপনায় অনুষ্ঠিত হোম সীকারস্ ওপেন ডে ইভেন্টে অংশ গ্রহন করেছে তাঁরা জেনে থাকবেন যে সেটা ছিলো একটা বিরাট সাফল্য। এটার লক্ষ্য ছিলো রি-হাউজিং এর সুযোগসমূহের বিষয়ে বাসিন্দাদের আরো তথ্যাবলী প্রদান করা। ফারুক উদ্দীন ও স্টেফেনী ম্যাকডোনাল্ড উক্ত দিনে স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন এর প্রতিনিধিত্ব করেছেন। ৩৩০ জনেরও অধিক বাসিন্দার উপস্থিতিতে তা একটা অত্যন্ত চমৎকার জনসমাবেশে পরিনত হয়েছিলো। বহির্গমন এর সময় গৃহীত একটা জরিপ এর ফলাফলের বিচারে অংশগ্রহনকারীদের একটা ব্যাপক সংখ্যা গরিষ্ঠ বাসিন্দাগন ইভেন্টটি উপভোগ করেছেন এবং প্রদর্শনী ষ্টলসমূহে প্রদত্ত তথ্যাবলী সমূহ সহজবোধ্য বলে মতামত দিয়েছেন।

সামার প্লে

২০০৯ এর সামারে বাসিন্দাগনের এবং তাঁদের শিশুদের জন্য বহুবিধ ফান-ডে কর্মসূচী সম্বলিত স্পিটালফিল্ডস্ এর ৭ম প্লে ডে অনুষ্ঠিত হয়েছে।

মে, জুলাই ও আগষ্ট মাসে পাঁচটি পৃথক স্থানসমূহে প্লে-ডে সমূহ অনুষ্ঠিত হয়েছিল, তাই অতীতের যে কোন বছরের তুলনায় এ বছর আমাদের অধিক সংখ্যক বাসিন্দাগন এ আনন্দে অংশগ্রহন করতে পেরেছেন। এ সকল কর্মসূচীসমূহ প্রিন্সলেট স্ট্রীট গার্ডেন, ফোর্ড স্কয়ার, ডিনমোন্ট এষ্টেট, ফকরুদ্দীন স্ট্রীট, শাহ্ জালাল এষ্টেট এবং স্পেলম্যান স্ট্রীট এর খেলার মাঠে অনুষ্ঠিত হয়েছে । শিশুরা ক্যাসলে বাউন্স করেছে, টি-শার্ট, ক্যানভাস, মুখোশ ও তাদের মুখমন্ডল রং করেছে এবং জুয়েলারী তৈরী করেছিলো। সার্বিক ভাবে ৬০০-৭০০ লোক বাহিরে একটা ফ্যামিলি ফান-ডে উপভোগ করতে পেরেছেন।

প্রতিটি ইভেন্ট এর একটা নিজস্ব বৈশিষ্ট ছিল যাতে স্থান, স্থানীয় জনগণ কি করতে পছন্দ করেন বলে বলেছেন এবং কমিউনিটির অংশগ্রহণ ইত্যাদির প্রতিফলন ঘটেছিল।

প্রিন্সলেট স্ট্রীটে আমাদের ছিলো ফ্রুট কার্ভিং (বিশেষভাবে ফল কাটা) কর্মশালা; বিনামূল্যে স্মুদী, স্বাস্থ্য পরীক্ষা ও উপদেশ প্রদানের মাধ্যমে ফোর্ড স্কয়ার এর বিষয় ছিলো স্বাস্থ্য; একটা ফুটবল টুর্নামেন্ট ও ফান রেস্ এর

মাধ্যমে ফকরুদ্দীন স্ট্রীট ক্রীড়া প্রোমোট করেছিল; ডিনমোন্ট একটা বৃক্ষরোপন সেশন এর মাধ্যমে শুরু করেছিলো এবং বেলা ১টা থেকে একজন ডি. জে. আনন্দ অনুষ্ঠানে ব্যাকগ্রাউন্ড মিউজিক পরিবেশন করেছেন। অধিকাংশ ইভেন্টসমূহে একটা বারবিকিউ অন্তর্ভূক্ত ছিলো যাতে বাসিন্দাগণ খাবার তৈরী ও পরিবেশন করেছিলো।

টাওয়ার হ্যামলেটস্ রিসাইক্লিং, রোবার্ট হিথ্ হিটিং, এ্যাপোলো কনষ্ট্রাকশন, কো-অপারেটিভ ডেভেলপমেন্ট এজেন্সী ও ফেয়ার ফাইন্যান্সসহ বিভিন্ন সংস্থাসমূহ ইহাদের সেবা সমূহের অগ্রগতিসাধন ও তথ্যাবলী প্রদানের নিমিত্তে ইভেন্টসমূহে অংশগ্রহণ করেছিলো। টাওয়ার

হ্যামলেটস্ মেইন স্ট্রীম গ্র্যান্টস্, এ্যাপোলো ও এফ.এফ.টি. আমাদের কিছু কর্মসূচীকে আর্থিকভাবে সহায়তা করার ফলে আমাদের পক্ষে এ বছর অন্যান্য বছরের তুলনায় অধিকতর কর্মসূচী আয়োজন করা সম্ভবপর হয়েছে। পাঁচ জনকে আমাদের একটা বিরাট ধন্যবাদ- তাহিমা, ফাতিমা, সাইমা, হানাহ ও রেবেকা স্বেচ্ছাসেবক হিসাবে কর্মসূচীসমূহে সহায়তা করেছেন। সবাই অত্যন্ত আনন্দ পেয়েছেন (বিশেষ করে জেসিকা ও মুরসেলীন) এবং আমরা ইতিমধ্যে প্লে-ডে ৮ এর প্রতীক্ষা করতে শুরু করেছি।

বিগত ১৮ই আগষ্ট তারিখে ষ্টিভডোর স্ট্রীটে আমাদের প্রথম "ক্লীন আপ ডে" অনুষ্ঠিত হয়েছে যা সেলবী স্ট্রীট কমিউনিটি সেন্টারে একটা বারবিকিউ এর মাধ্যমে শেষ হয়েছে - যাতে ষ্টাফগণ ইভেন্টে অংশগ্রহণকারী বাসিন্দাদের জন্য রান্না করেছেন। "কিপ ব্রিটেইন টাইডী" এর সহায়তায়

এ কর্মসূচীর সপ্তাহে আমরা শুধুমাত্র আবর্জনা পরিস্কার ও বৃহদাকার আইটেম সমূহের জন্য একটা স্কিপ (বড় আধার) ভাড়া করি নাই, এছাড়াও শিশুদের জন্য একটা "ট্রেজার হান্ট" (মূল্যবান সম্পদের ভান্ডার অনুসন্ধান) এর আয়োজন করেছি যাতে সবচেয়ে অভিনব আবর্জনার আইটেম সনাক্তকরনের জন্য একটা পুরস্কার দেয়া হয়েছে। আমরা এ ধরনের আরো কর্মসূচী আয়োজন করতে চাই। আপনি যদি আপনার এলাকার ক্লীন আপ ইভেন্টে জড়িত হতে চান তবে **অনুগ্রহপূর্বক ০২০৭ ৩৯২ ৫৪০৭ নম্বরে মুরসেলীন ইসলাম এর সাথে যোগাযোগ করুন।**

কর্মকর্তা নির্বাচন

বিগত ২৮শে সেপ্টেম্বর ২০০৯ তারিখে অনুষ্ঠিত বোর্ড সভার সিদ্ধান্তমতে স্পিটালফিল্ডস্ হাউজিং এ্যাসোসিয়েশন লিঃ এর ম্যানেজমেন্ট কমিটি কর্তৃক নিম্মলিখিত কর্মকর্তাবৃন্দকে নির্বাচিত করা হয়েছে ঃ-

চেয়ারম্যান - মোঃ শামসুল হক,
ভাইস চেয়ারম্যান - আলা উদ্দিন,
সেক্রেটারী - ক্লেয়ার মারফী,
ট্রেজারার - আস্কান্দর আলী,
জয়েন্ট ট্রেজারার - সুপি মিয়া,
ওয়েলফেয়ার অফিসার - মোঃ সাইফুল আলম।

ভাড়াটিয়া সম্মেলন ২০০৯-২০১০

এস. এইচ. এ. ইহার দ্বিতীয় বাসিন্দা সম্মেলন (রেসিডেন্ট কনফারেন্স) আয়োজন করতে যাচ্ছেঃ-

৫ই ডিসেম্বর শনিবার
ডেইভন্যান্ট সেন্টার
১৭৯-১৮১ হোয়াইট চ্যাপেল রোড, লন্ডন ই১, ১ডি.এন
সকাল ১০ঘটিকা হতে বিকাল ৩-৩০ ঘটিকা

ক্রেশ সুবিধা (বাচ্চা রাখার ব্যবস্থা), মধ্যাহ্ন ভোজ এবং বাংলা অনুবাদক প্রদান করা হবে।

জানুয়ারী মাসে এস. এইচ. এ. ইহার প্রথম ভাড়াটিয়া সম্মেলন অনুষ্ঠিত করেছে। আপনারা আমাদের কি বলেছেন ইহার ফলাফল এর ভিত্তিতে আমরা ৫টি উন্নয়ন অগ্রাধিকার চিহ্নিত করেছি ঃ- গ্রাহক সেবা, যোগাযোগ, মেরামত ও রক্ষনাবেক্ষণ, ডিসেন্ট হোমস্ কাজসমূহ এবং ভাড়াটিয়াদের অংশ-গ্রহণ।

এস. এইচ. এ. এসকল ক্ষেত্রে উন্নততর সেবা প্রদানের নিমিত্তে কঠোর পরিশ্রম করে যাচ্ছে। আমরা ইতমধ্যেই যতদুর পরিবর্তন সাধন করেছি তার সম্পর্কে আপনি কি ভাবছেন সে সম্পর্কে আমরা জানতে চাই এবং আমাদের কর্ম পরিকল্পনার বিষয়ে আপনার পরামর্শাবলী শুনতে চাই। এটা বাস্তবায়নে আমাদের সহায়তা করার নিমিত্তে আমরা আগামী ৫ই ডিসেম্বর শনিবার আমাদের দ্বিতীয় সম্মেলন আয়োজন করেছি।

টি. এস. এ. (যা সকল সোশ্যাল হাউজিং সমূহকে নিয়ন্ত্রন করে থাকে) সোশ্যাল হাউজিং সমূহকে কিভাবে নিয়ন্ত্রন করবে সে বিষয়ে জাতীয়ভাবে সকল বাসিন্দাগন ও ল্যান্ডলর্ডদের সাথে পরামর্শ করে যাচ্ছে। এর মধ্যে ইহার একটি প্রশ্ন ছিলো এই যে ইহা কি আমাদের পারদর্শীতা জাতীয় মানদন্ডের পাশাপাশি স্থানীয় মানদন্ডেও বিচার করবে কি না? আপনি যদি মনে করেন যে স্থানীয় মানদন্ডসমূহ গুরুত্বপূর্ণ তবে এস. এইচ, এ. ও এ এলাকায় হাউজিং সেবা প্রদানকারী অন্যান্য প্রতিষ্ঠানসমূহের জন্য কোন কোন মান দন্ডসমূহ নির্ধারিত হতে আপনি দেখতে চান। সম্মেলনের বিকালের অধিবেশনে এ সকল সমস্যাদির প্রতি দৃষ্টিপাত করা হবে এবং আপনাদের মতামতের প্রতিনিধিত্ব করার লক্ষ্যে টাওয়ার হ্যামলেটস্ হাউজিং এ্যাসোসিয়েশন সম্মেলনে যোগ দেয়ার নিমিত্তে এ সম্মেলনে প্রতিনিধি বাছাই করা হবে।

আমরা মধ্যাহ্ন ভোজ সরবরাহ করবো এবং ১২ বৎসরের কম বয়স্ক শিশুদের জন্য ক্রেশ (বাচ্চা রাখা) এর ব্যবস্থা করবো- তবে আপনার যদি একটা প্লেস এর প্রয়োজন হয় তবে আগামী ২০শে নভেম্বর শুক্রবার এর মধ্যে আমাদেরকে বলতে হবে। যে কেহ এ সম্মেলনে উপস্থিত থাকলে উক্ত দিনের জন্য তাঁর মূল্যবান সময় ও অভিমতের জন্য আমাদের পক্ষ থেকে তিনি ধন্যবাদ হিসাবে ১০ পাউন্ড মূল্যমানের ভাউচার গ্রহন করবেন। আসন সংখ্যা সীমিত এবং পূর্বেই বুকিং দিতে হবে। সবাই যাতে সম্পূর্ণরূপে অংশগ্রহন করতে পারেন সেজন্য সাহায্য করার নিমিত্তে আমাদের বাংলা ভাষাবাসী ষ্টাফ থাকবেন। (আপনি যদি আসতে আগ্রহী হয়ে থাকেন এবং আপনার যদি অন্য কোন ভাষাগত সহায়তার প্রয়োজন থাকে তবে অনুগ্রহপূর্বক আমাদের জানাবেন এবং আমরা আপনার চাহিদা পূরণে সর্বাত্মক চেষ্টা করবো)। বেশীর ভাগ কর্মসূচীর জন্য আলোচনাসমূহ ছোট ছোট গ্রুপে অনুষ্ঠিত হবে, কমপক্ষে একটা গ্রুপ থাকবে শুধুমাত্র মহিলাদের জন্য।

এ ইভেন্টটি আমাদের প্রোপার্টিসমূহে ভাড়া কিংবা লীজহোল্ড এর ভিত্তিতে বসবাসকারী যে কারো জন্য উন্মুক্ত থাকবে। আসন সংখ্যা সীমিত এবং আগে আসিলে আগে পাবেন ভিত্তিতে বরাদ্দ করা হবে। আপনি যদি আসতে আগ্রহী হন বা এ সম্পর্কে আরো তথ্যাবলী জানতে চান তবে **অনুগ্রহপূর্বক ০২০৭ ৩৯২ ৫৪০৭/৮ নম্বরে ফোন করুন**। যদি ফোনে কেহ উত্তর না দেয় তবে একটা বার্তা রাখুন। অথবা, **সংযুক্ত ফরমটি পূরন করুন এবং আমাদের নিকট ফেরৎ পাঠিয়ে দিন।**

অর্থ সাশ্রয় করুন ও পৃথিবীকে রক্ষা করুন

ধনী ও বিখ্যাত, আপনার সমমনা লোকজন, ছোট ও বড় কোম্পানী সমূহের সাথে যোগ দিন। ১০:১০ এ যোগ দিন। ২০১০ সালের মধ্যে আপনার কার্বন ইমিশন (কার্বন নির্গমন) ১০% কমিয়ে আনার ব্যাপারে প্রতিশ্রুতিবদ্ধ হোন এবং ধরনীকে রক্ষা করতে সাহায্য করার পাশাপাশি আপনি নিজেও অর্থ সাশ্রয় করুন। তালিকাভুক্ত হবার জন্য www.10:10uk.org ওয়েবসাইটে যোগাযোগ করুন। আগামী বছরের মধ্যে জনগনের কার্বন ইমিশন (কার্বন নির্গমন) কমিয়ে আনার নিমিত্তে উৎসাহিত করার জন্য জাতীয় পর্যায়ে একটা প্রচারাভিযান চালু করা হয়েছে। একদিকে সরকারসমূহ বিশ্ব উষ্ণতা (গ্লোবাল ওয়ার্মিং) কমিয়ে আনার লক্ষ্যে কর্মপন্থার বিষয়ে আলোচনার নিমিত্তে আগামী ডিসেম্বর মাসে মিলিত হচ্ছে, অন্যদিকে বিজ্ঞানীরা বলছেন আগামী ২০ ও ৪০ বৎসরের মধ্যে কার্বন ইমিশন কমিয়ে আনার যে লক্ষমাত্রা নির্ধারন করা হয়েছে তা যথেষ্ট নয় এবং এখনই তা অর্জন করা প্রয়োজন। আমাদের নিন্মোয় জ্বালানী সাশ্রয়ী উপদেশসমূহ অনুসরন করুন এবং এভাবে আপনার গ্যাস ও বৈদ্যুতিক বিল সাশ্রয়ের মাধ্যমে আপনি আপনার ১০% কার্বন ফুটপ্রিন্ট ও একই সাথে অর্থ সাশ্রয় করতে পারবেন।

জ্বালানী উপদেশসমূহ

বাড়ী থেকে বের হবার ৩০ মিনিট পূর্বে আপনার বাড়ীর হিটিং বন্ধতে সেট করুন এবং আপনার বাড়ী ফেরার ৩০ মিনিট পূর্বে তা পূনঃরায় অন্ হবার নিমিত্তে সেট করুন।

আপনার কক্ষের থার্মোষ্ট্যাট ১ক্ক সে. কম তাপমাত্রায় নামিয়ে রাখুন।

রেডিয়েটরসমূহ যাতে কোন কিছু দ্বারা আচ্ছাদিত না থাকে তা নিশ্চিত করুন।

সূর্যাস্তের পর আপনার জানালার পর্দাসমূহ টেনে দিন ।

জ্বালানী সাশ্রয়কারী বৈদ্যুতিক বাল্ব ব্যবহার সমূহ করুন

গৃহস্থালী যন্ত্রপাতিসমূহ যেমন - মাইক্রোওয়েভসমূহ, টি, ভি, সমূহ, ভিডিওসমূহ, মিউজিক সিস্টেমসমূহ অফ্ করে রাখুন, কারন এগুলো ষ্ট্যান্ডবাই অবস্হাতেও বিদ্যুৎ খরচ করতে থাকে।

ফ্রিজ এর দরজা খোলা রাখবেন না বা ফ্রিজের ভিতর গরম খাবার রাখবেন না।

ঘন ঘন আপনার ফ্রিজ ডিফ্রোষ্ট করুন এবং দরজার সীলসমূহ পরীক্ষা করুন।

একটা রেডিয়েটর, ওভেন বা বয়লার এর পাশে আপনার ফ্রিজ রাখা পরিহার করুন।

আপনার ফ্রিজার একটা ঠান্ডা কক্ষে কিংবা গ্যারাজে রাখুন।

ওয়াশিং মেশিন, টাম্বল ড্রায়ারসমূহ এবং ডিশ ওয়াশার সমূহ নিম্ন তাপমাত্রায় ব্যবহার করুন।

গ্রীস্মকালে টাম্বল ড্রায়ার ব্যবহার করার পরিবর্তে আপনার কাপড়সমূহ বাহিরে শুকান।

যখন বাড়ীর ভিতরে আপনার কাপড়সমূহ শুকান তখন একটা রেডিয়েটর এর পরিবর্তে কাপড়ের রেলসমূহ ব্যবহার করুন।

আধুনিক ডিশ্ ওয়াশারসমূহ হাতে ওয়াশিং আপ করার তুলনায় কম জ্বালানী ও পানি খরচ করে থাকে।

কুকার রিং এর একই আকার বিশিষ্ট সস্পেন ব্যবহার করুন। সস্পেনসমূহের উপর একটা ঢাকনা ব্যবহার করুন।

প্রেশার কুকারসমূহ, ষ্টিমারসমূহ এবং মাইক্রোওয়েভ সমূহ ব্যবহার করুন - যেগুলো কম জ্বালানী ব্যবহার করে থাকে। যখন একটা কেটলী ব্যবহার করবেন তখন আপনার যতটুকু পানি প্রয়োজন শুধুমাত্র ততোটুকু পানি সিদ্ধ করুন।

আপনার কেটলীতে লাইম স্কেইল জমেছে কিনা তা পরীক্ষা করে দেখুন এবং ভিনেগার বা স্কেইল অপস-ারনকারী দ্রবন সমূহের দ্বারা তা দূরীভূত করুন।

আপনার গরম পানির ট্যাঙ্ক এর তাপমাত্রা ৬০০ সে. এ নামিয়ে রাখুন।

একটা শাওয়ার ব্যবহার করুন।

রিপেয়ার হটলাইন ফ্রি ফোন

০৮০০ ৬৪৪ ৬৪৪১

নতুন টি. আর. এ. সমূহ

ডিনমোন্ট এষ্টেট. নবায়ন (রিফারবিশ) কাজ সমূহ সম্পন্ন হবার পর বর্তমানে ই. এস. জি. সমাপ্তির পথে। ভাড়াটিয়াগন একটা ভাড়াটিয়া ও একটা বাসিন্দা সংগঠন গঠন করতে চান। ইহা এষ্টেটে বসবাসকারী জনসাধারনের জন্য এস.এইচ.এ. এর বিষয়ে বিভিন্ন সমস্যা ও উদ্বেগসমূহ সম্মিলিতভাবে তুলে ধরা চলমান রাখতে সহায়তা করবে। ***৬ই অক্টোবর মঙ্গলবার সন্ধ্যা ৬:৩০ ঘটিকা থেকে ৮:৩০ ঘটিকা পর্যন্ত সেন্ট পিটার্স নর্থ কমিউনিটি সেন্টার, ১ মারিয়ান প্লেইস, বেথনাল গ্রীন ই,২ ৯ এ, এক্স, এ ডিনমোন্ট টি. আর. এ. এর উদ্বোধনী সভা অনুষ্ঠিত হয়।***

ত্র্যাশফীল্ড ষ্ট্রীট, ক্লার্ক ষ্ট্রীট, ফোর্ড স্কয়ার, গ্রীন ফিল্ড রোড, পারফেট ষ্ট্রীট এবং সেটলস্ রোড।

এস. এইচ্. এ. এবং এ সকল এলাকার বাসিন্দাগন এ এলাকার প্রোপার্টিসমূহের জন্য একটা টি.আর.এ. গঠন এর বিষয়ে আলোচনার নিমিত্তে মিলিত হয়ে আসছে। আগামী ১৫ই অক্টোবর বৃহস্পতিবার ক্রাউন উড ড্রাইভ হলে ষ্টেপনী টি.আর.এ. এর একটা উদ্বোধনী সভা অনুষ্ঠিত হবে। সকলে আমন্ত্রিত। হালকা নাস্তা সরবরাহ করা হবে।

টি. আর. এ. সমূহের খবর

বিগত ৬ই আগষ্ট তারিখে **সেলবী ষ্ট্রীট টি. আর. এ.** এর বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় এস.এইচ্.এ. এবং সাউদার্ন হাউজিং উভয়ের প্রতিনিধিবৃন্দ উপস্থিত ছিলেন। একটা নতুন ৭ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছিল। বর্তমান কর্মকর্তারা হচ্ছেনঃ- চেয়ারপার্সন- জৈগুন বিবি- আলী; ভাইস-চেয়ারপার্সন- দিলওয়ার মিয়া; ট্রেজারার- হোসনা বেগম; সেক্রেটারী- ল্যারী হারম্যান। আপনার যদি কোন সমস্যা থাকে যা আপনি আপনার পক্ষে কমিটি কর্তৃক উপস্থাপন করতে চান তবে কমিটির একজন সদস্যের সাথে যোগাযোগ করুন বা ৪৬ গ্র্যানারী রোড এর ঠিকানায় ল্যারী হারম্যান এর নিকট লিখিতভাবে জানান।

বিগত ৬ই জুলাই তারিখে **ফকরুদ্দীন ষ্ট্রীট ও শাহজালাল কমিউনিটি গ্রুপ** তাদের বার্ষিক সাধারন সভা অনুষ্ঠিত করেছে এবং একটা নতুন কমিটি নির্বাচিত করেছে। মূখ্য আলোচনার বিষয় ছিল ৫ই আগষ্ট তারিখে অনুষ্ঠিত প্লে ডে এর পরিকল্পনার বিষয়ে। এ গ্রুপ তাঁদের নীতিমালা উন্নয়ন ও আধুনিকায়ন করার লক্ষ্যে এস.এইচ্.এ এর সাথে কাজ করার পরিকল্পনা করছে এবং যুবক জনগোষ্ঠী, পরিবেশ ও যে কোন পূনঃ উন্নয়ন কাজের বিষয়ে ব্যাপক জনগোষ্ঠীর উদ্বেগসমূহ এবং হাউজিং সংক্রান্ত সমস্যাদি উভয় বিষয়ে এ্যাসোসিয়েশন এর সাথে একযোগে কাজ করার পরিকল্পনা করছে। আপনি যদি জড়িত হতে আগ্রহী হন তবে পোর্টাকেবিনে এ গ্রুপ এর সাথে যোগাযোগ করুন।

ভাড়াটিয়াদের খবর

আপনার প্রতিবেশে কি হচ্ছে তা আমাদেরকে এবং অন্যান্য বাসিন্দাদের জানানোর সুবিধার্থে আমরা এ স্থানটুকু আপনার জন্য বরাদ্ধ রাখতে চাই।

টি. আর. এ. সংক্রান্ত হালনাগাদ খবর- কমিউনিটির সমস্যাদির

বর্জ্য ব্যবস্থাপনা সংক্রান্ত সমস্যাদি নিরসনের লক্ষ্যে এস.এইচ্.এ, "ষ্ট্যাগ" ও স্পেলম্যান ষ্ট্রীট টি.এ. এর সাথে কাজ করে যাচ্ছে। বিগত মার্চ মাসে প্ল্যানিং ডিপার্টমেন্ট প্রিন্সলেট ষ্ট্রীট কারপার্কে গেইট লাগানো ও সেবা প্লেস এর চতুর্দিকে গেইট সমূহ স্থাপনের বিষয়ে আমাদের প্রস্তাবনাসমূহ প্রত্যাখান করেছে। আমরা প্রিন্সলেট ষ্ট্রীট কার পার্কের প্রস্তাবনাটি কিছু সংশোধনীসহ প্ল্যানিং এর নিকট পূনঃরায় দাখিল করেছি এবং সেবা প্লেস গেটসমূহের বিষয়ে সিদ্ধান্তের বিরুদ্ধে একটা আপীল করেছি। **আপনি যদি আপনার এলাকায় একটা টি. আর. এ. গঠন করতে চান তবে ০২০৭ ৩৯২ ৫৪০৮ নম্বরে জেসিকা বা ০২০৭ ৩৯২ ৫৪০৭ নম্বরে মুরসেলীন এর সাথে যোগাযোগ করুন।**

আপনার গ্যাস বয়লার বা বার্ষিক গ্যাস সার্ভিস এর বিষয়ে ০২০৭ ২৪৭ ৬৭৪৪ নম্বরে রিপোর্ট করুন।

আমরা কেমন ভালো করছি?

পরিমাপ	পারফর্মেন্স জুলাই - সেপ্টেম্বার	লক্ষ্যমাত্রা
একটা প্রোপার্টি ভাড়া দিতে কতদিন সময় নেয়?	৩.৫ সপ্তাহ	৪ সপ্তাহ
বি, এম, ই, বাসিন্দাদের নিকট ভাড়ায় বাড়ী প্রদান।	৭১%	৫০%
বকেয়া ভাড়া	৩%	৫%
	নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন	**লক্ষ্যমাত্রা**
জরুরী মেরামতসমূহ (২৪ ঘন্টাব্যাপী)	৯৭%	৯০%
জরুরী মেরামতসমূহ (৭ দিন)	৯০%	৯৫%
রুটিন মেরামতসমূহ (২৮ দিন)	৯৬%	৯৫%

অনুগ্রহপূর্বক আপনার **'ট্যানেন্টস্ নিউজসমূহ'** আগামী ৯ই ডিসেম্বর এর মধ্যে MURSELIN@SPITALFIELDSHA.CO.UK ঠিকানায় ই-মেইল করুন।